14 MAY 2017
পৃ: 6 কলাম 4

## প্রাথমিক শিক্ষার্থীদের সাংস্কৃতিক প্রতিযোগিতা

# বিজয়ীদের পুরস্কার প্রদান

সাংস্কৃতিক প্রতিবেদক ●

বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে সারা দেশের সব সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের অংশগ্রহণে অনুষ্ঠিত হয় সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ। এ উপলক্ষে গতকাল ২টা ৩০ মিনিটে একাডেমির জাতীয় নাট্যশালার লবিতে শিল্পকলা একাডেমির শিল্পীদের অংশগ্রহণে অনুষ্ঠিত হয় 'পিয়ানো ও সরোদ বাদন'। বিকাল ৪টা ১০ মিনিটে মিলনায়তনে পুরস্কার প্রদান ও ২০টি অডিও অ্যালবামের প্রকাশনা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর। একাডেমির মহাপরিচালক লিয়াকত আলী লাকীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সংস্কৃতি সচিব মো. ইব্রাহীম হোসেন খান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন একাডেমির সংগীত, নৃত্য ও আবৃত্তি বিভাগের পরিচালক সোহরাব উদ্দীন। আলোচনা শেষে মন্ত্রীর হাত থেকে প্রত্যেক বিষয়ে ১ম পুরস্কারপ্রাপ্ত শিল্পী গ্রহণ করেন স্বর্ণের মেডেল, ২য় পুরস্কারপ্রাপ্ত গ্রহণ করে রৌপ্য মেডেল ও ৩য় পুরস্কারপ্রাপ্ত গ্রহণ করেন ব্রোঞ্জ মেডেল। এ ছাড়া সব পুরস্কারপ্রাপ্তদের জন্য সনদপত্র ও ২০টি অডিও অ্যালবামের সিডি প্রদান করা হয়। এরপর বিকাল ৫টায় সাংস্কৃতিক অনুষ্ঠানে 'ধন ধান্য পুষ্প ভরা'

এরপর পৃষ্ঠা ৯ কলাম ৪

# বিজয়ীদের পুরস্কার প্রদান

(৩ এর পৃষ্ঠার পর) এবং 'এ মাটি নয় জঙ্গিবাদের গানে'র কথায় ২টি সমবেত সংগীত পরিবেশন করেন প্রতিযোগিতায় ১ম পুরস্কারপ্রাপ্ত শিল্পী ও অডিও অ্যালবামে অংশগ্রহণকারী শিল্পীরা। এরপর শিশুতোষ আবৃত্তি প্রতিযোগিতায় ১ম পুরস্কারপ্রাপ্ত শিল্পী আবিদা আনজুম অহনা, সমবেত নৃত্য পরিবেশন করে ইস্কাটন গার্ডেন উচ্চ বিদ্যালয়ের আমন্ত্রিত নৃত্যদল। রবীন্দ্রসংগীতে ১ম পুরস্কারপ্রাপ্ত শিল্পী আদর্শী চাকমা, নজরুল সংগীতে ১ম পুরস্কারপ্রাপ্ত শিল্পী সারারা জান্নাত অর্পিতা, দেশ ও মুক্তিযুদ্ধের গান ১ম পুরস্কারপ্রাপ্ত শিল্পী শাহরিয়ার আল সাদাত, উচ্চাঙ্গ নৃত্য ১ম পুরস্কারপ্রাপ্ত শিল্পী সমৃদ্ধা সামস, নজরুল, রবীন্দ্র আবৃত্তি ১ম পুরস্কারপ্রাপ্ত শিল্পী তানজিলা তাবাসসুম, একক অভিনয় ১ম পুরস্কারপ্রাপ্ত শিল্পী স্বাগত সাহা, লোকসংগীত ১ম পুরস্কারপ্রাপ্ত শিল্পী খিজির আহমেদ ভূঁইয়া, দ্বৈত অভিনয় ১ম পুরস্কারপ্রাপ্ত শিল্পী সাদমান সাকিব ও সামিন ইয়াসার, সাধারণ নৃত্য ১ম পুরস্কারপ্রাপ্ত শিল্পী মুশরাত জাহান অর্পি।

**আনন ফাউন্ডেশন প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন** : আনন ফাউন্ডেশনের পঞ্চম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন। এ উপলক্ষে গত শুক্রবার বিকালে বাংলা একাডেমির আবদুল করিম সাহিত্যবিশারদ মিলনায়তনে অনুষ্ঠিত হয় আলোচনা অনুষ্ঠান, পুরস্কার প্রদান ও সাংস্কৃতিক অনুষ্ঠান। ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা সভাপতি স.ম. শামসুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ শিশু একাডেমির চেয়ারম্যান, প্রখ্যাত কথাসাহিত্যিক সেলিনা হোসেন। এ সময় উপস্থিত ছিলেন সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর এমপি। এ ছাড়া সম্মানিত অতিথি ছিলেন কথাসাহিত্যিক ইমদাদুল হক মিলন, বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক ফয়জুল লতিফ চৌধুরী, বিশিষ্ট শিশুসাহিত্যিক আমীরুল ইসলাম। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ফাউন্ডেশনের মহাসচিব নজরুল ইসলাম নঈম। শিশু প্রতিনিধির বক্তব্য রাখে জান্নাতুল ফেরদৌস নওরীন। এর আগে একটি আনন্দ শোভাযাত্রা বের করা হয়।

**আন্তর্জাতিক আলোকচিত্র প্রতিযোগিতা ও প্রদর্শনী** : বাংলাদেশ ফটোগ্রাফিক সোসাইটি (বিপিএস) ও বাংলাদেশ শিল্পকলা একাডেমির যৌথ উদ্যোগে আয়োজিত তৃতীয় আন্তর্জাতিক আলোকচিত্র প্রতিযোগিতা ও প্রদর্শনী-২০১৬ বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় চিত্রশালা মিলনায়তনের চতুর্থ তলায় চলছে। প্রতিদিন বেলা ১১টা থেকে রাত ৮টা পর্যন্ত এ প্রদর্শনী সবার জন্য উন্মুক্ত। চলবে ১৯ মে পর্যন্ত। সারা বিশ্বের ৬৬৫ প্রতিযোগীর ১৩ হাজার ছবির মধ্যে থেকে বাছাইকৃত ৫০০টি ছবি এতে স্থান পেয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর